ACI acknowledges that there is an interrelationship as well as inter-reliance between responsibility and commercial interest. The strategic objectives of the Company and social aspirations are intertwined and mutually inclusive, which could not be separated or isolated. In this context, the Board of ACI believes that good business is good development and vice versa. Accordingly, our relationship with the society at large is built on a partnership which strives to achieve common economic and social goals. Thus, CSR is a central function of ACI Group and the projects and programs under CSR are selected on the basis of their relevance to the Group business, as well as social necessities of Bangladesh. We are conscious of our responsibilities to manage a sustainable business organization and at the same time respect the social aspirations concerning us.

## The People of ACI

Our values provide the company with clarity and vitality to us all. Transparency, Fairness, Customer Focus, Quality, Continuous Improvement, and Innovation as the values. This creates a sense of togetherness, around powerful ideas and strengthen the spirit of our people.

People are our most valued resource. Throughout the year we conducted numerous training programs to upgrade the knowledge and skills of our employees. Greater emphasis was given to customize the learning programs and bring in digital transformation across the organization. Many learning programs were designed to improve a capability that brought together people across diverse business. Our approach to people development is in anticipation of the rapid pace of change and the necessity to adapt to an volatile and uncertain environment.

Even though many meetings are held over digital platforms and get togethers are less frequent, the situation is gradually returning to pre-pandemic levels of interaction. We look forward to returning back to a new normal. Sport and celebratory events will happen more frequently as we open up. Our

people are ready to face the macro-economic challenges with greater energy, vitality and skills.

## Acknowledgements

The Board of Directors firmly believes that ACI has the necessary strengths, resources and commitment to further propel the Company to newer heights. The performance of the Company during the period under review, even with so many challenges confronted, demonstrates the resolve and determination of the Board, Management and all the people in the Company. On this occasion, the Board expresses on record their appreciation to the partners of ACI, shareowners, suppliers, customers, bankers, media and all other well-wishers for their support and patronage to bring the company to this level. We value their continued support to fulfill our mission to improve the lives of people.

Finally, and most importantly, we, on behalf of the Board of Directors thank the employees of ACI in factories, depots, shops, offices and field for their untiring efforts. They have worked hard, against all odds, uncertainties and adversities and built a stronger ACI that can create a greater positive impact on people, planet and prosperity.


On behalf of the Board



**Dr. Arif Dowla**

Managing Director

Dhaka, 26 October 2022



**Kamran Tanvirur Rahman**

Independent Director

## শেয়ার মালিকদের নিকট পরিচালনা পর্ষদের প্রতিবেদন

৩০ শে জুন ২০২২ তারিখে সমাপ্ত অর্থবছরের জন্য

কোম্পানী আইনের ১৯৯৪ এর ১৮৪ ধারা এবং বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক ইস্যুকৃত কর্পোরেট গভার্নেন্স কোড অনুযায়ী।

প্রিয় শেয়ারমালিকবৃন্দ,

আমরা অত্যন্ত আনন্দের সঙ্গে এডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেডের পরিচালনা পর্ষদের পক্ষ থেকে ৩০শে জুন ২০২২ তারিখে সমাপ্ত অর্থবছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী সমূহ ও নিরীক্ষা প্রতিবেদনসহ পরিচালক মণ্ডলীর প্রতিবেদন আপনাদের বিবেচনার জন্য উপস্থাপন করছি।

### সামগ্রিক পর্যালোচনা

কোভিড-১৯ ও রাশিয়া-ইউক্রেন যুদ্ধের ফলে সৃষ্ট বিশ্বব্যাপী অর্থনৈতিক মন্দা সত্ত্বেও এসিআই গ্রুপ ২০% প্রবৃদ্ধি অর্জনে সক্ষম হয়েছে। এসিআই'র কর্মীরা এই প্রতিকূলতা মোকাবেলা করতে সর্বাঙ্গিক চেষ্টা করেছিল। তন্মধ্যে দ্বিতীয়ার্ধের প্রচেষ্টা উল্লেখযোগ্য।

করোনা পরবর্তী সংকটসমূহ ব্যবসায় ব্যাপক প্রভাব ফেলেছিল। সামগ্রিকভাবে দেশ এবং এসিআই বৈশ্বিক সাপ্লাই চেইন বিপর্যয়, ডলারের মূল্য বৃদ্ধি, পণ্য ও জালানীর মূল্য বৃদ্ধি এবং মুদ্রাস্ফীতির ফলে উদ্ভূত পরিস্থিতির মোকাবেলা করছে।

ভোক্তাদের ক্রয়ক্ষমতা উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে এবং মানুষের দুর্ভোগ বৃদ্ধি পেয়েছে।

এসিআই যুক্তিসঙ্গত মূল্যে পণ্য ভোক্তাদের কাছে সহজলভ্য করার উপর জোর দিয়েছে এবং মানবসম্পদের দক্ষতা এবং কর্ম প্রক্রিয়াগুলির মৌলিক বিকাশের সাথে গ্রাহকের চাহিদার সমন্বয় করার চেষ্টা করেছে। এসিআই হেলথকেয়ার কারখানাটি মর্যাদাপূর্ণ এফডিএ অনুমোদন পাওয়ার মাধ্যমে কোম্পানিটি মার্কিন যুক্তরাষ্ট্রে ঔষধ রপ্তানি করার অনুমতি পেয়েছে। এসিআই মোটরস ইয়ামাহা মোটরসাইকেল উৎপাদনের ক্ষমতা বাড়িয়েছে। 'স্বপ্ন' গত বছর আরও ৫৫টি আউটলেট চালু করার মাধ্যমে দেশব্যাপী রিটেইল নেটওয়ার্ক সম্প্রসারিত করেছে। বীজ ব্যবসা খরা এবং লবণাক্ততার মতো প্রতিকূল কৃষি অবস্থার জন্য গবেষণা-ভিত্তিক বিশেষ বৈশিষ্ট্যযুক্ত বীজ চালু করেছে। উল্লেখিত এবং অন্যান্য অনেক নতুন উদ্যোগ এসিআই-কে বাংলাদেশের উন্নয়নের সাথে সঙ্গতি রেখে ভবিষ্যতের দিকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

### হেলথ কেয়ার ডিভিশন

বৈশ্বিক বিপর্যয় উত্তরণ পরবর্তী পারিপার্শ্বিকতা মানবতাকে মানসিক, শারীরিক ও অর্থনৈতিকভাবে বিপর্যস্ত করেছে। কোভিড-১৯ মহামারি গুরুত্বপূর্ণ সাথে সাথেই বিশ্ব অর্থনৈতিক মন্দার কবলে পড়ে। IMS এর তথ্যানুসারে, ২০২১-২২ অর্থবছরে বাংলাদেশের ফার্মাসিউটিক্যালস বাজার ৪% হ্রাস পেয়ে ২.৯ বিলিয়ন ডলারে পৌঁছেছে। বাজারের চাহিদার এই পরিবর্তন সত্ত্বেও ফার্মার রপ্তানি উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। বাংলাদেশের স্থানীয় কোম্পানিগুলো প্রয়োজনীয় ঔষধের ৯৮% দেশে উৎপাদন করেছে। উদ্ভাবন এবং নতুন প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে এসিআই ১৩% প্রবৃদ্ধি অর্জনের মাধ্যমে ২০২১-২২ অর্থবছরে তার প্রবৃদ্ধির ধারা অব্যাহত রেখেছে। ৬১১টি ভিন্ন SKUতে ২৭৭টি সক্রিয় ফার্মাসিউটিক্যালস উপাদানের সম্ভার নিয়ে ফার্মা বাজারে তার অবস্থান সুদৃঢ় করেছে।

২০২১-২২ অর্থবছরে এসিআই দুটি উন্নত নতুন পণ্য Othera এবং Gavilac সংযোজন করেছে। যা ফার্মাসিউটিক্যাল শিল্পের নতুন সংযোজিত শীর্ষ পাঁচটি পণ্যের মধ্যে অবস্থান করে নিয়েছে। উভয় পণ্যই দ্রুত ভোক্তাদের আস্থা অর্জনের মাধ্যমে প্রবৃদ্ধি ত্বরান্বিত করেছে। এই দুটি পণ্যের পাশাপাশি ১২টি নতুন মলিকিউল এবং ৪১ টি নতুন SKU চালু করা হয়েছে।

নতুন মলিকিউলের পাশাপাশি বিদ্যমান ২৭৭টি মলিকিউল এবং ৬১১টি SKU ভোক্তাদের প্রয়োজন মিটাতে অসাধারণ ভূমিকা পালন করে

চলেছে। যার মধ্যে Hexisol, Clean Gel, Odazyth, Remcor, Nevirax, Faviravir, Veratin, Vistarlin এবং Xcel অন্যতম। আন্তর্জাতিক বাজারে কোভিড পণ্যের নির্ভরযোগ্য সরবরাহকারী হিসেবে এসিআই ব্যাপক খ্যাতি অর্জন করেছে। Remcor ১৬টির অধিক দেশে সরবরাহ করা হয়েছে।

এসিআই ফার্মাসিউটিক্যালস বাজার এন্টিবায়োটিক, এন্টি-আলসারেন্ট, কার্ডিও-ভাস্কুলার মেডিসিন, এন্টি-ডায়াবেটিক, সিএনএস এবং এন এস এ আইডিসহ উল্লেখযোগ্য পণ্যের সমাহারে সমৃদ্ধ। চিকিৎসাবিজ্ঞানের বৈচিত্র্যময় ক্ষেত্রে চিকিৎসা পেশাজীবীদের সময়োপযোগী জ্ঞান এবং দক্ষতা অর্জন করতে হয়। কোভিড-১৯ মহামারি পরিস্থিতিতে সঠিক জ্ঞান ভাগাভাগি করে নেওয়ার উদ্দেশ্যে Medical Services Department (MSD) বিভিন্ন সোসাইটির মাধ্যমে ৫৩৯ জন চিকিৎসা পেশাজীবির অংশগ্রহণে ৩২৯টি webinar এর আয়োজন করেছে। সোসাইটিগুলো হলো- সোসাইটি অফ সার্জনস অফ বাংলাদেশ, প্রসূতি এবং গাইনোকোলজিক্যাল সোসাইটি অফ বাংলাদেশ, গাইনোকোলজিক্যাল অনকোলজি সোসাইটি অফ বাংলাদেশ, বাংলাদেশ কার্ডিয়াক সোসাইটি, গ্যাস্ট্রোএন্টারোলজি সোসাইটি অফ বাংলাদেশ এবং বাংলাদেশ পেরিনটাল সোসাইটি। এছাড়াও Medical Services Department (MSD) ১,৪২৯ টি Continuous Medical Education (CME) অনুষ্ঠান আয়োজন করেছে। যেগুলোতে ৬২,০৬৯ জন চিকিৎসা পেশাজীবী অংশগ্রহণ করেছে।

CME উদ্যোগ রোগ নির্ণয় ও চিকিৎসা ব্যবস্থা সম্পর্কে সম্যক জ্ঞান প্রদানে সহায়তা করে। যা দেশের মানুষের উন্নত স্বাস্থ্যসেবা নিশ্চিত করে।

ফার্মাকোভিজিলাস সচেতনতা কর্মসূচির অংশ হিসেবে MSD বিভিন্ন মেডিকেল কলেজ ও হাসপাতালের এবং থানা স্বাস্থ্য কমপ্লেক্সে লিফলেট ও পোস্টার বিতরণ করেছে। ব্যবসাটি ৭৯জন চিকিৎসকের পরিদর্শনের ব্যবস্থা করেছে এবং সচেতনতার অংশ হিসেবে ৩৯৬ জন মাঠকর্মীকে প্রশিক্ষণ প্রদান করেছে। PV সচেতনতার লক্ষণ হল ঔষুধের সঠিক ব্যবহার, রোগীর যত্ন এবং রোগীর নিরাপত্তা নিশ্চিত করা।

আন্তর্জাতিক বিপনন বিভাগ গত বছরের তুলনায় প্রায় ১৮% প্রবৃদ্ধি অর্জন করেছে। ৬টি নতুন রপ্তানি গন্তব্য সংযোজিত হয়েছে। এসিআই এবছরও কোভিড আক্রান্ত দেশগুলোতে কোভিড-১৯ এর ঔষধ রপ্তানির ধারা অব্যাহত রেখেছে। যা বাংলাদেশী প্রতিষ্ঠান গুলোর মধ্যে কোভিড-১৯ এর ঔষধ সরবরাহকারী হিসেবে শীর্ষ অবস্থান পেতে সাহায্য করেছে।

এসিআই বিভিন্ন নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কাছ থেকে মোট ১২৪ টি পণ্যের জন্য বিপনন অনুমোদন পেয়েছে এবং ইতোমধ্যে নতুন বিপনন অনুমোদনের জন্য বিভিন্ন দেশে মোট ১৫৩ টি পণ্য জমা দিয়েছে। আন্তর্জাতিক বিপনন বিভাগ বিশ্বব্যাপী ব্যবসা প্রসারণের লক্ষ্যে অক্লান্ত পরিশ্রম করে চলেছে।

## কনজুমার ব্র্যান্ডস্ ডিভিশন

### টয়লেট্রিজ

টয়লেট্রিজ ব্যবসা ২০২১-২২ অর্থবছরে ২৭৫ কোটি টাকা প্রবৃদ্ধি অর্জন করেছে। করোনা মহামারি পরবর্তী ব্যক্তিগত স্বাস্থ্যবিধি পণ্যের চাহিদা তীব্রভাবে হ্রাস পেয়েছে যার ফলে গত অর্থবছরের একই সময়ের তুলনায় ১৯% বিক্রয় হ্রাস পেয়েছে। যাইহোক, প্রাক-কোভিড পরিস্থিতির তুলনায় ব্যবসাটি ৭২% প্রবৃদ্ধি অর্জন করেছে।

কৌশলগত সম্প্রসারণ এবং বৈচিত্র্যময় পোর্টফোলিওর মাধ্যমে, ব্যবসাটি স্বাভাবিকের তুলনায় দ্রুত গতিতে বৃদ্ধি পাচ্ছে। স্যাভলন এই পোর্টফোলিওর ফ্ল্যাগশিপ ব্র্যান্ড, যা সাবান, হ্যান্ডয়াশ, অ্যান্টিসেপটিক্স লিকুইড এবং ক্রিম-এর মতো বিভিন্ন সাব-ক্যাটাগরিতে গত বছর ১৭ মিলিয়নেরও বেশি পরিবারকে পরিষেবা দিয়েছে।

জীবাণুমুক্ত ও সুস্থ বাংলাদেশের স্বপ্ন নিয়ে এই ব্যবসা উদ্ভাবনী পণ্য সরবরাহের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

### আন্তর্জাতিক ব্যবসা

এসিআই কনজিউমার ব্র্যান্ডের আন্তর্জাতিক ব্যবসা গত বছরের তুলনায় ৬% বৃদ্ধির সাথে বছর শেষ করেছে। এই ইউনিটে কোলগেট এবং পালমোলিভের মতো বিশ্বখ্যাত ব্র্যান্ড রয়েছে। কোলগেট ব্র্যান্ড ওরাল কেয়ার বিভাগে অন্যতম গুরুত্বপূর্ণ নিয়ামক হিসাবে বাজারে একটি শক্তিশালী উপস্থিতি নিশ্চিত করে চলেছে। এই পোর্টফোলিওটি বিপণনে ৭৭% প্রবৃদ্ধি অর্জন করেছে।

### হাইজিন

কনজিউমার ব্র্যান্ডের হাইজিন বিভাগ গত অর্থবছরের তুলনায় ৫২% বৃদ্ধি পেয়ে ২০২১-২২ অর্থবছর সমাপ্ত করেছে।

বাংলাদেশী ভোক্তাদের পরিবর্তিত জীবনধারা এবং সংক্রামক রোগের সুপ্ত ঝুঁকির কারণে দেশে স্বাস্থ্যবিধি পণ্যের চাহিদা তীব্রভাবে বৃদ্ধি পেয়েছে। ফ্রিডম, স্যাভলন টুইঙ্কেল এবং স্যাভলন রেসপেক্টের মতো সুপরিচিত ব্র্যান্ডের সাথে হাইজিন বিজনেস হাইজিন পণ্যের চাহিদার বড় একটি অংশ পূরণ করতে সফল হয়েছে। হাইজিন ব্যবসা নারী স্বাস্থ্যবিধি, শিশু স্বাস্থ্যবিধি, প্রাপ্তবয়স্কদের যত্ন এবং প্রতিরক্ষামূলক যত্নের বিভাগগুলির সমন্বয়ে গঠিত।

এসিআই হাইজিন ব্যবসা মানুষের মধ্যে স্বাস্থ্যকর জীবনধারা প্রচারে এবং সুস্থ বাংলাদেশ গড়তে প্রতিশ্রুতিবদ্ধ।

### হোম কেয়ার সলিউশন

কনজিউমার ব্র্যান্ডের হোম কেয়ার সলিউশন ইউনিট গত অর্থবছরের তুলনায় ২০২১-২২ অর্থবছরে ১৩% প্রবৃদ্ধি অর্জন করেছে। বহুবিধ ভালু চেইন এবং সিস্টেম অটোমেশনের মধ্য দিয়ে ব্যবসায়িক পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে এই প্রবৃদ্ধি অর্জিত হয়েছে।

এসিআই Aerosol দেশে সর্বাধিক বিক্রিত মশকনিধক এবং হোম কেয়ার সলিউশন পোর্টফোলিওতে সবচেয়ে বড় অবদানকারী।

### ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক্স

ইলেকট্রিক্যাল ব্যবসায় গত অর্থবছরের তুলনায় ৯% প্রবৃদ্ধি এসেছে। কোভিড মহামারি থেকে সৃষ্ট বিশ্বব্যাপী সরবরাহ চেইন সংকট থেকে পুনরুদ্ধার করে বাজারে পণ্যের প্রাপ্যতা নিশ্চিত করার মাধ্যমে এই প্রবৃদ্ধি সম্ভব হয়েছে।

অন্যদিকে, ইলেকট্রনিক্স ব্যবসা, বছরজুড়ে ধরে অনিয়মিত সরবরাহের কারণে কোভিড-১৯ পরবর্তী সাপ্লাই চেইন ব্যাঘাতের বিরূপ প্রভাবের সম্মুখীন হয়েছে।

বিদ্যুৎ খাতের এবং গ্রামীণ উন্নয়নের মাধ্যমে আগামী বছরগুলিতে উভয় শিল্পই দ্রুত বৃদ্ধি পাবে বলে আশা করা হচ্ছে। ব্র্যান্ড-বিল্ডিং কার্যক্রম এবং উদ্ভাবনী পণ্যের মাধ্যমে এই সেক্টরের প্রবৃদ্ধি থেকে সর্বাধিক লাভ করা হচ্ছে- এই ব্যবসার মূল লক্ষ্য।

### পেইন্টস

পেইন্টস ব্যবসা ২০২১-২২ অর্থবছরে গত অর্থবছরের তুলনায় ৩৪% প্রবৃদ্ধি অর্জন করেছে। ডেকোরোটিভ ক্যাটাগরিতে গত অর্থবছরের তুলনায় ১৭% প্রবৃদ্ধি এ ক্ষেত্রে মূলচালিকা হিসেবে কাজ করেছে।

মহামারি পরবর্তী প্রকল্পের ধীরগতির কারণে পারফরম্যান্স কোটিং বিভাগের স্থবিরতা সত্ত্বেও, ডেকোরোটিভ পেইন্ট নানারকম উদ্যোগ নিয়েছে। গ্রাহকের সম্পৃক্ততা কার্যক্রম এবং ডিস্ট্রিবিউশন মডেল অপ্টিমাইজেশনের মাধ্যমে এটি সফলভাবে ডিস্ট্রিবিউশন লিড টাইম কমিয়েছে যার ফলে গ্রাহক এবং ডিলারের আস্থা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে যা ডেকোরোটিভ পেইন্টের জন্য উল্লেখযোগ্য চাহিদা তৈরি করেছে।

পেইন্টস ব্যবসা উভয় বিভাগে পারফরম্যান্স বৃদ্ধির জন্য বৃহৎ পরিসরে কাজ করেছে।

### সল্ট

এসিআই সল্ট ব্যবসা গত বছরের তুলনায় ৫১% বিক্রয় বৃদ্ধির সাথে ২০২১-২২ অর্থবছর সমাপ্ত করেছে। বিস্তৃত বিতরণ ব্যবস্থাসহ উৎপাদন ইউনিটের ক্ষমতা সম্প্রসারণের সাথে, এই ব্যবসায়িক ইউনিটটি গত বছরের তুলনায় সফলভাবে একটি উল্লেখযোগ্য প্রবৃদ্ধি অর্জন করেছে।

সবচেয়ে উন্নত ভ্যাকুয়াম বাস্পীভবন পদ্ধতি সহ সুইজারল্যান্ডের অত্যাধুনিক প্রযুক্তির মাধ্যমে, পিউর সল্ট ১০০% বিশুদ্ধ, স্ফটিক-শুদ্ধ, সঠিকভাবে আয়োডিনযুক্ত, এবং ঝরঝরে ভোজ্য লবণ নিশ্চিত করে।

এসিআই পিওর সল্টের ক্রমবর্ধমান চাহিদার সাথে ভ্যাকুয়াম লবণ ব্যবহারের সুপ্ত চাহিদা পূরণ করতে সফলভাবে তার সক্ষমতা প্রসারিত করেছে।

সেরা পণ্য এবং বর্ধিত ক্ষমতার পাশাপাশি, এই ইউনিটিটি প্রত্যন্ত অঞ্চলে পণ্য বিতরণের মাধ্যমে দেশের প্রতিটি ঘরে ঘরে সর্বোত্তম মানের লবণ পৌঁছানো নিশ্চিত করতে নিরলসভাবে কাজ করেছে।

### ফ্লাওয়ার

এসিআই পিওর ফ্লাওয়ার লিমিটেড ২০২১-২২ অর্থবছরে ৬,৫৭১ মিলিয়ন টাকা বিক্রয় করেছে। কঠিন পরিস্থিতি সত্ত্বেও কার্যকর এবং ধারাবাহিক কার্যক্রম বজায় রেখে এই ব্যবসায়টি গত বছরের তুলনায় ২২% বৃদ্ধি পেয়েছে।

কোভিড-১৯ পরবর্তী অর্থনৈতিক সংকট এবং রাশিয়া-ইউক্রেন যুদ্ধ এবং পরবর্তীকালে গমের দাম বৃদ্ধির কারণে ব্যবসাটি ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল। যাইহোক, ব্যবসাটি কৌশলগত সংগ্রহ, দক্ষ উৎপাদন এবং সরবরাহ চেইন ব্যবস্থাপনা, কৌশলগত বিপণন উদ্যোগ এবং অন্যান্য পদক্ষেপের মাধ্যমে সফল হয়েছে।

এসিআই পিওর-এর নিয়মিত পণ্যের পাশাপাশি, এসিআই নিউট্রিলাইফের নতুন স্বাস্থ্যকর পণ্য পরিসর এ বৃদ্ধিতে অবদান রেখেছে। ময়দার পাশাপাশি লাল মসুর ডাল ও হলুদ মটর ক্রমবর্ধমান চাহিদা মিটিয়ে ব্যবসাটি সম্প্রসারণ করেছে।

এসিআই পিওর ফ্লাওয়ার লিমিটেড কৌশলগত অংশীদারিত্বের মাধ্যমে উৎপাদন ক্ষমতা বাড়াতে থাকবে, বেকিং শিল্পের জন্য নতুন বিভাগ চালু করবে এবং ভবিষ্যতে বড় ব্যবসায়িক বৃদ্ধির জন্য কাঁচামাল মজুদের অবকাঠামো তৈরি করবে।

### এডিবল অয়েলস

সবচেয়ে চ্যালেঞ্জিং বছর পার হওয়া সত্ত্বেও, এসিআই এডিবল অয়েলস লিমিটেড ২০২১-২২ অর্থবছরে ৮১৭ মিলিয়ন টাকা বিক্রয় করেছে যা গত বছরের তুলনায় ৩% হ্রাস পেয়েছে।

কোভিড-১৯ পরবর্তী অর্থনৈতিক বিপর্যয়, আমদানি পণ্যের মজুদ পরিস্থিতি, আন্তর্জাতিক মূল্য বৃদ্ধি, বিনিময় হারে অস্থিরতা এবং খুচরা বাজারে ঘন ঘন দামের তারতম্যের কারণে ব্যবসাটি নানাবিধ প্রতিকূলতার মুখোমুখি হয়েছে। এসিআই এডিবল অয়েলস সেরা মানের

পণ্য প্রদানের প্রতিশ্রুতি পূরণ করেছে যেমন-এসিআই পিওর সয়াবিন অয়েল এবং এসিআই নিউট্রিলাইফ রাইস ব্রান অয়েল। নতুন সংযোজন - অ্যারোমা সরিষার তেল ধীরে ধীরে একটি প্রিমিয়াম ব্র্যান্ড হিসাবে মনোযোগ আকর্ষণ করেছে। লে ব্যান্ড প্রিমিয়াম সানফ্লাওয়ার অয়েল এবং ওয়েলস অলিভ অয়েল প্রিমিয়াম স্বাস্থ্যকর ভোজ্য তেলের বিকল্প হিসেবে ভোক্তাদের কাছে সমাদৃত হচ্ছে।

এডিবল অয়েল উৎপাদন ক্ষমতা বৃদ্ধি, বিকল্প বিক্রয় চ্যানেলে চালনা এবং ভোক্তাদের চাহিদা চিহ্নিত করে পণ্যের নতুন পরিসর প্রবর্তন করেছে।

### ফুডস

ব্যবসাটি গত বছরের তুলনায় ৩৩% বৃদ্ধি পেয়েছে এবং একটি টেকসই মুনাফা বজায় রেখে ৪,২২৭ মিলিয়ন টাকা বিক্রয় করেছে। গত বছর কোভিড-১৯ এবং রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে সৃষ্ট অর্থনৈতিক সংকটে বিশ্বজুড়ে খাদ্য ও পণ্য শিল্প ক্ষতিগ্রস্ত হয়েছিল। বুদ্ধিদীপ্ত ক্রয়কৌশল, উদ্ভাবনী বিপণন উদ্যোগ এবং সক্রিয় কৌশলগত পদ্ধতির কারণে ব্যবসাটি তার শক্তিশালী প্রবৃদ্ধি নিশ্চিত করতে সক্ষম হয়েছে।

এসিআই ফুডস গত বছর কেচাপ, নতুন মিশ্র মশলা এবং এক্সক্লুডার ভেরিয়েন্ট চালু করেছে। ব্যবসাটি বাংলাদেশের ঐতিহ্যবাহী খাবারের প্রচার এবং পুষ্টি সচেতনতা বৃদ্ধির জন্য বেশ কয়েকটি প্রচারণা চালিয়েছে।

### রাইস

এসিআই রাইস গত বছরের তুলনায় ২৭% প্রবৃদ্ধি অর্জন করেছে। বাংলাদেশে প্রাকৃতিক দুর্যোগ ধানের সরবরাহ ও দামকে মারাত্মকভাবে প্রভাবিত করেছে। তা সত্ত্বেও, এসিআই রাইস সময়মত সংগ্রহ, আপসহীন গুণমান এবং ব্র্যান্ডের দৃশ্যমানতা বৃদ্ধির মাধ্যমে শক্তিশালী অবস্থান বজায় রেখেছে।

কৃষকদের সাহায্য করার জন্য তারা "বন্ধন" প্রচারাভিযান চালু করেছে যেখানে কৃষকরা তাদের ধান সরাসরি কারখানায় ন্যায্য মূল্যে বিক্রি করতে সক্ষম হয়েছে। তারা বিভিন্ন অনলাইন এবং ইন-স্টোর প্রচারাভিযানের মাধ্যমে আরও ভালো ব্র্যান্ডের দৃশ্যমানতা নিশ্চিত করেছে। আসন্ন বছরে ব্যবসাটি তাদের কারখানার সক্ষমতা বাড়াতে এবং স্বাস্থ্য-সচেতন ভোক্তাদের জন্য নতুন গুণমান সংযোজিত চালের বৈচিত্র্য আনতে বদ্ধ পরিকর।

## এগ্রিবিজনেসেস ডিভিশন

### ক্রপকেয়ার এন্ড পাবলিক হেলথ

মহামারি এবং ইউক্রেন যুদ্ধের কারণে চ্যালেঞ্জ সত্ত্বেও গত বছরের তুলনায় ক্রপ কেয়ার ব্যবসা ১০% বৃদ্ধি পেয়েছে। পাউডার কীটনাশক পোটফোলিওতে উল্লেখযোগ্য প্রবৃদ্ধি ছিল। পাউডার ইনসেক্টিসাইড পোটফোলিও উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। কৃষকদের জন্য প্রশিক্ষণ কার্যক্রমের বিস্তৃতকরণ, উপযুক্ত পণ্যের সঠিক অবস্থানে ব্যবহার এবং সমন্বিত ডিজিএ (DGA) কার্যক্রম বেশি ফসল উৎপাদনে সাহায্য করেছে। বিভিন্ন পোটফোলিও যেমন সালফার, গ্রানুলার ইনসেক্টিসাইডও উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে, যেটা সম্ভব হয়েছে দলগত আন্তরিক প্রচেষ্টার ফলে কৃষকদের কাছে যথাসময়ে সঠিক গুণমান বজায় রেখে পণ্য সরবরাহের মাধ্যমে। অন্যান্য পোটফোলিও গুলোও এই শিল্পের প্রবৃদ্ধির তুলনায় ৬-৭% বৃদ্ধি পেয়েছে। ফাংগিসাইড পোটফোলিও উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পায়নি কারণ গতবছর আলুর মৌসুম বিলম্বিত ছিল এবং আলুর দাম ও রোগ সংক্রমণ কম ছিল।

ফ্লোরা হচ্ছে পরিবেশবান্ধব, শক্তি ও বুদ্ধিবর্ধক ফুলের উদ্ভিদ। ফ্লোরার ব্যবহার ধানে উচ্চ ফলন নিশ্চিত করেছে। ফ্লোরা গ্রাহকদের মাঝে একটি

শক্তিশালী ব্র্যান্ড ইমেজ তৈরি করেছে ফলশ্রুতিতে এর মার্কেট শেয়ার দ্রুতগতিতে বৃদ্ধি পাচ্ছে। পাশাপাশি প্রচারণা ও প্রদর্শনী কার্যক্রম অব্যাহত রয়েছে।

ক্রপকেয়ার পেস্টিসাইড বিভাগে 'ডায়ারাজ' এবং 'প্রিজম' নামে দুটি অনন্য সমাধান চালু করেছে যা আগামী বছরগুলোতে কৃষির উৎপাদনশীলতা বাড়াতে সাহায্য করবে। বীজ উন্নতকরণকে লক্ষ্য রেখে দেশে নতুন বাজার তৈরিতে কাজ হচ্ছে। বৃহৎ পরিসরে কাজ করার জন্য বিভিন্ন বহুজাতিক প্রতিষ্ঠানের সহযোগিতা নেওয়া হচ্ছে।

### সীড

২০২১-২২ অর্থবছরে এসিআই সীড ব্যবসা ১% প্রবৃদ্ধি অর্জন করেছে এবং ৭% মার্কেট শেয়ার অর্জন করেছে এবং হাইব্রিড চাল ২৫% প্রবৃদ্ধির সাথে ২০% মার্কেট শেয়ার অর্জন করেছে। পোটফোলিওতে সবজি ৭% এবং হাইব্রিড ভুট্টা ১৪১% বৃদ্ধি পেয়েছে। বেসরকারীভাবে আলুর বাজারে তৃতীয় স্থান দখল করে পোটফোলিওতে ৭% বৃদ্ধি যোগ হয়েছে।

হাইব্রিড রাইস মোট বিক্রির ৫৪% অবদান রেখেছে যার মধ্যে ৩ ধরনের রুক বাস্টার রাইস ৪৪% অবদান রেখেছে। অনুকূল শস্যের দাম বাড়ার কারণে হাইব্রিড শস্যের মাধ্যমে এই অর্জনকে পুঁজি করতে পেরেছে। এসিআই লাল আলুর বীজ বাজারে উচ্চতর ব্র্যান্ড হিসাবে স্বীকৃত হয়েছে। বাজারে ১৮% উন্নত জাতের সবজি প্রবৃদ্ধিতে অবদান রেখেছে। উল্লেখযোগ্য কিছু হাইব্রিড সবজিও প্রবৃদ্ধিতে বিশেষ অবদান রেখেছে।

এসিআই রাইস-২, আলু-৭, এবং সবজি-৭ বাজারজাতকরণসহ মোট ১৬টি বীজের জাত বাজারজাত করেছে এবং বিভিন্ন জাতের গম, হাইব্রিড ধান, আলু এবং সবজি ছাড়াও আরো ১৯টি নতুন বীজ বাজারজাতকরণের প্রক্রিয়াধীন রয়েছে। কৃষকদের পছন্দ এবং বিশেষ বৈশিষ্ট্য অনুযায়ী জাতগুলিকে পরবর্তী স্তরে উন্নীত করেছে। রংপুর এবং যশোরে প্রক্রিয়াকরণ, মান নিয়ন্ত্রণ, প্যাকিং এবং বিতরণের জন্য সক্ষমতা বাড়ানো হয়েছে। এই ব্যবসাটি FAO, World Vision, CARE, Hellen Keller International (HKI), Red Crescent, RDRS ইত্যাদি এনজিও এবং অংশীদারদের সহযোগিতায় তার নেটওয়ার্ক প্রসারিত করেছে। ডিজিটাল মার্কেটিং এর মাধ্যমে কৃষক, ডিলার এবং খুচরা বিক্রেতাদের কাছে এসিআই সীড ব্র্যান্ডের গুরুত্ব বাড়ানো হয়েছে।

### ফার্টিলাইজার

এসিআই ফার্টিলাইজারে মাটির কন্ডিশনার, মাটির পুষ্টি, ফলিয়ার সার, মৌলিক সার এবং শহুরে, প্রকল্প ও প্রতিষ্ঠানের একটি বৈচিত্র্যময় পোর্টফোলিও রয়েছে। এসিআই ফার্টিলাইজার ব্যবসা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়ে ২৯% মার্কেট শেয়ারসহ ৬১% বৃদ্ধি পেয়েছে যেখানে বাজারের বৃদ্ধি ছিল ২০%। মাটির কন্ডিশনার, মাটির পুষ্টি, ফলিয়ার সার, মৌলিক সার এবং শহুরে, প্রকল্প ও প্রতিষ্ঠানগুলি যথাক্রমে ৩২%, ৩২%, ৪৮%, ৮৮% এবং ১২৬% বৃদ্ধি পেয়েছে, যা দেশের সমস্ত বিভাগে অগ্রণী অবস্থান নিশ্চিত করেছে।

সম্প্রতি দেশজুড়ে ফলের বাগান চাষ খুব জনপ্রিয় হচ্ছে। মানসম্পন্ন ফলন নিশ্চিত করতে কৃষকরা নিবিড় পরিচর্যা করছেন। সর্বোচ্চ ফলন নিশ্চিত করতে এসিআই ফার্টিলাইজার ফলিয়ার ও হরমোনাল পণ্য সরবরাহ করছে। বর্তমানে, বাজার একক দানার মাধ্যমে একাধিক পুষ্টির ভারসাম্য প্রয়োগের জন্য মিশ্র এবং যৌগিক সারের দিকে সরে যাচ্ছে। এসিআই ফার্টিলাইজার ইতিমধ্যেই একক সার বাজারের প্রতিস্থাপন হিসেবে ‘রত্ন’ মিশ্র সার নিয়ে বাজারে রয়েছে।

এসিআই ফার্টিলাইজার বিভিন্ন ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে প্রান্তিক ব্যবহারকারী এবং চ্যানেল অংশীদারদের সাথে ডিজিটালভাবে সংযুক্ত। এটি সাশ্রয়ী ই-কমার্স মডেল, একক চ্যানেল মাল্টি স্টোর (এসএমএস) চালু করেছে যা ই-কমার্স সক্ষমতা এবং গ্রাহক পরিষেবাকে উদ্দীপিত করে। অনলাইন স্টোর “ACI Aronno” গ্রামীণ চাষীদের মধ্যে জনপ্রিয়তা পাচ্ছে।

### অ্যানিমাল হেলথ

২০২১-২২ অর্থবছরে, এসিআই অ্যানিমাল হেলথ গত বছরের তুলনায় ৪% বিক্রয় প্রবৃদ্ধি অর্জন করেছে। ভ্যাকসিন, পোলিট, ক্যাটল, অ্যাকোয়া এবং AN&F পোর্টফোলিও যথাক্রমে -১৩%, ৪%, ৯%, ৩০% এবং ১৪% বৃদ্ধি পেয়েছে। এসিআই হল বাংলাদেশে H9N2 বার্ড ফ্লুর বিরুদ্ধে Cevac New Flu H9K ভ্যাকসিন প্রবর্তনকারী প্রথম কোম্পানি, যা এভিয়ান ইনফ্লুয়েঞ্জা মহামারি মোকাবেলা করতে সাহায্য করেছে এবং কৃষকদের ক্ষতি কমিয়েছে।

‘পেট অ্যান্ড বার্ড’ - পোষা প্রাণীদের জন্য একটি নতুন পোর্টফোলিও, যা গ্রাহকদের আরও মনোযোগ আকর্ষণ করেছে।

এসিআই অ্যানিমেল হেলথ পুষ্টির পণ্য, অ্যান্টিবায়োটিক, জীবাণুনাশক, ব্যথানাশক, অ্যান্টিহিস্টামাইন তৈরি করে এবং বিভিন্ন দেশ থেকে ঔষধ এবং ঔষধ বহির্ভূত অন্যান্য পণ্য আমদানি করে। বিশ্বমানের উদ্ভাবনী ঔষধ উৎপাদনের জন্য, এসিআই এনিম্যাল হেলথ কিছু আন্তর্জাতিক সরবরাহকারী যেমন- Ceva Sante Animal, CID Lines International, Livisto, Kum Yang এর সাথে সহযোগিতা হিসেবে কাজ করছে।

পশু স্বাস্থ্য ব্যবসা মোবাইল অ্যাপস, পোষা প্রাণীর জন্য নতুন পণ্য এবং কৃষকদের সংযোগের জন্য বিভিন্ন অ্যাপের মাধ্যমে খামার পরিচালনার জন্য আইওটি ডিভাইস চালু করার প্রত্যাশা করছে।

### জেনেটিক্স

জেনেটিক প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে বাংলাদেশের দুগ্ধ খামারিদের আয় বৃদ্ধি করাই এর লক্ষ্য। মানসম্পন্ন বীর্ষ প্রয়োগের মাধ্যমে বর্তমান গড় দুগ্ধ উৎপাদন উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করা যেতে পারে। ব্যবসাটি ইতিমধ্যে গাজীপুরের শ্রীপুরে একটি অত্যাধুনিক অ্যানিমেল জেনেটিক্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট সেন্টার প্রতিষ্ঠা করেছে। এসিআই এনিম্যাল জেনেটিক্সের ব্যবস্থাপনা দলে অভিজ্ঞ প্রাণিসম্পদ বিশেষজ্ঞরা কাজ করছে।

২০২০-২১ অর্থবছরে, ACI Animal Genetics গত বছরের তুলনায় ৫৭% বিক্রয় প্রবৃদ্ধি অর্জন করেছে।

বুল স্টেশনের বর্তমান সক্ষমতা হল সুপার মেরিট যাঁড় থেকে প্রতিমাসে ২৬৩,০০০ ডোজ বীর্ষ উৎপাদন করা। মার্কেটে উচ্চ চাহিদার কারণে, ব্যবসাটি ইতিমধ্যে বিদ্যমান বুল স্টেশনে ৪র্থ শেড তৈরি করেছে এবং অতিরিক্ত ১৭,০০০ ডোজের সক্ষমতা তৈরি করেছে। ব্যবসাটি মোবাইল অ্যাপসের মাধ্যমে খামার পরিচালনার জন্য IoT ডিভাইস চালু করার প্রত্যাশা করছে। উর্বর ভ্রূণ স্থানান্তর, সেক্সড বীর্ষ, মাদার হার্ড ডেভেলপ, ছাগলের বীর্ষ, মহিষের বীর্ষ, এবং দুধের সক্ষমতা অর্জন করা হচ্ছে, যা সম্ভাবনাময় বাজার সৃষ্টি করছে।

### মোটরস

এসিআই মোটরসের ব্যবসা তিনটি প্রধান এসবিইউতে বিভক্ত করা হয়েছে: ১) খামার যান্ত্রিকীকরণ, ২) ইয়ামাহা, ৩) নির্মাণ সরঞ্জাম, বাণিজ্যিক যানবাহন এবং অন্যান্য। এসিআই মোটরস বাংলাদেশের শীর্ষস্থানীয় খামার যান্ত্রিকীকরণ কোম্পানি এবং এর বিস্তৃত পণ্য ও পরিষেবার সাথে একটি সম্পূর্ণ খামার যান্ত্রিকীকরণ সমাধান প্রদান করে। এর মধ্যে রয়েছে চাষাবাদ, রোপণ, সেচ, ফসল কাটা এবং ফসল-পরবর্তী সংরক্ষণ।

এসিআই মোটরসের ফার্ম মেকানাইজেশন ইউনিট গত বছরের তুলনায় ১৭% প্রবৃদ্ধি নিশ্চিত করেছে। এসিআই মোটরসের ট্র্যাক্টর ব্র্যান্ড সোনালিকা চমৎকার পণ্য এবং উচ্চতর পরিষেবা প্রতিশ্রুতির মাধ্যমে ৩৫% মার্কেট শেয়ার নিয়ে বাজার নেতৃত্ব অব্যাহত রেখেছে। এসিআই পাওয়ার টিলার ২০২১-২২ অর্থবছরে উচ্চ এইচপি পাওয়ার টিলার বিভাগে এগিয়ে ছিল। এ বছর আমন ও বোরো ফসল কাটার মৌসুমে, এসিআই মটরস ফসল কাটার সমস্যা সমাধানে সরকার কর্তৃক প্রদত্ত ৫০% ভর্তুকিসহ গ্রাহকদের সমস্যা সমাধানে প্রধান ভূমিকা পালন করেছে। এসিআই এগ্রি-মেশিনারী তৈরির কারখানা বর্তমানে ত্রেসার, হ্যাড পাওয়ার টিলার এবং ট্রেলার তৈরি করছে।

বর্তমানে, এসিআই মোটরস ইয়ামাহা মোটরসাইকেলের ৩টি মডেল তৈরি করছে (FZS V2, FZS V3, Ges Saluto)। এসিআই মোটরস বুটুথ কানেক্টিভিটি এবং আপডেট ফিচার সহ ১৫০ সিসি সেগমেন্টে দুটি নতুন প্রিমিয়াম মডেল (R15 V4 Ges FZX) চালু করেছে। ১৫০ সিসি সেগমেন্টে, ইয়ামাহা ২৫% মার্কেট শেয়ার সহ বাজারের শীর্ষস্থানীয় এবং সবচেয়ে প্রিমিয়াম মোটরসাইকেল হিসাবে বিবেচিত। এই ম্যানুফ্যাকচারিং এবং কমপ্লিট নক ডাউন (CKD) সেটআপের মাধ্যমে, ইয়ামাহা মোটরসাইকেল মোটরসাইকেল বাজারে তার বৃদ্ধি অব্যাহত রেখেছে। মোটরসাইকেল শিল্প ২০২১-২২ অর্থবছরে ১২% বৃদ্ধি পেয়েছে, যেখানে ইয়ামাহা মোটরসাইকেল ৮১% বৃদ্ধি পেয়েছে এবং ১১% মার্কেট শেয়ার অর্জন করেছে। ইয়ামাহা রাইডার্স ক্লাবের সাথে যৌথ উদ্যোগে নিরাপত্তা ব্যবস্থা বজায় রাখার জন্য এসিআই মোটরস বিপণন কার্যক্রম এবং সামাজিক সচেতনতামূলক প্রচারণার আয়োজন করেছে। সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে, এসিআই মোটরস তাত্ক্ষণিকভাবে সাড়া দেয় এবং ইয়ামাহা রাইডার্স ক্লাবের সহযোগিতায় ২০২২ সালের জুন মাসে সিলেটের বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়ায়।

কনস্ট্রাকশন ইকুইপমেন্ট ব্যবসায়, এসিআই মোটরস কোবেলকো, কেস, লোভোল, অ্যাজাক্স এবং ইভোপাওয়ারের মতো বিশ্ব-বিখ্যাত নির্মাণ সরঞ্জামের ব্র্যান্ডগুলির সাথে লেনদেন করেছে। এসিআই মোটরস দেশের অবকাঠামো উন্নয়নে আরও বড় ভূমিকা রাখতে প্রস্তুত।

এসিআই মোটরস বিশ্বব্যাপী এক নম্বর হালকা বাণিজ্যিক যানবাহন প্রস্তুতকারক, ফোটন ইন্টারন্যাশনালের সাথে বাণিজ্যিক যানবাহন ব্যবসা শুরু করে। সারা দেশে পণ্যের গুণমান এবং মানসম্মত বিক্রয় ও পরিষেবা নেটওয়ার্কের মাধ্যমে, Foton গ্রাহকদের কাছ থেকে একটি ইতিবাচক প্রতিক্রিয়া অর্জন করেছে। যদিও ২০২১-২২ অর্থবছরে বাজারের বৃদ্ধি নৈতিবাচক ছিল ৫%, ফোটনের উল্লেখযোগ্য বৃদ্ধি ছিল ৪৪%। ফোটন ইন্টারন্যাশনাল ২১ অক্টোবরে প্যাটফর্ম কোয়ালিটি ম্যানেজমেন্ট অ্যাওয়ার্ড এবং ২২ ফেব্রুয়ারি এসিআই মোটরসকে গোবাল সার্ভিস সিস্টেম কনস্ট্রাকশন মেরিট অ্যাওয়ার্ড এবং গোবাল এক্সেলেন্ট ব্র্যান্ড কমিউনিকেশন অ্যাওয়ার্ড প্রদান করে।

## এথোলিংক

২০২১-২২ অর্থবছরে ব্যবসাটি গত বছরের তুলনায় ৭৩% প্রবৃদ্ধি অর্জন করেছে। ব্যবসাটি ১,৭৪৬ মেট্রিক টন কাঁচা ও চিহ্নিত প্রক্রিয়াজাত ৯৬টি কনটেইনারে রপ্তানি করেছে। ব্যাক টাইগার অফ সিজন বিবেচনা করে ব্যবসাটি পণ্যের লাইনে বৈচিত্র্য এনেছে এবং বিকল্প প্রজাতি যেমন, ক্যাট টাইগার, ব্রাউন, চাকা হোয়াইট, ওশিয়ান টাইগার এবং স্ক্যাম্পি রপ্তানি করেছে। অক্টোবর ২০১৯-এ, এসিআই এথোলিংক রপ্তানিতে পা দেয় এবং জার্মানি, ফ্রান্স, বেলজিয়াম, নেদারল্যান্ডস, ডেনমার্ক, যুক্তরাজ্য, জাপান এবং অন্যান্য অনেক দেশের বড় আন্তর্জাতিক ক্রেতাদের দৃষ্টি আকর্ষণ করে। এসব দেশের বেশ কয়েকজন ক্রেতা সাতক্ষীরার এসিআই এথোলিংক চিহ্নিত প্রক্রিয়াকরণ প্ল্যান্ট পরিদর্শন করেন এবং কারখানার অবস্থানের ভূয়সী প্রশংসা করেন। ACI Agrolink HACCP, GMP এবং BRC সার্টিফিকেশন যোগ করার জন্য Aqua Culture Steward Council (ASC) এবং AMFORI-BSCI সার্টিফিকেশন পেয়েছে। বন্দরে যানজট এবং

চলাচলে সীমাবদ্ধতার কারণে উচ্চ মালবাহী খরচ এবং কাঁচামাল ও প্যাকেজিং সামগ্রীর মূল্যবৃদ্ধি রপ্তানিকে বাধাগ্রস্ত করেছে। অধিকন্তু, রাশিয়া-ইউক্রেন যুদ্ধ ব্যবসার জন্য একটি সম্ভাব্য হুমকি বহন করে। যেহেতু বেশিরভাগ ক্রেতাই ইউরোপীয়, যুদ্ধের পরে মন্দা মানুষের খাদ্যাভ্যাস পরিবর্তন করতে পারে যার ফলে ব্যবসার উল্লেখযোগ্য বিক্রয়ক্ষতি হতে পারে।

## প্রিমিয়াফ্লেক্স প্লাস্টিকস

প্রিমিয়াফ্লেক্স একটি B2B কোম্পানি যা উচ্চ-মানের কাঁচামাল ব্যবহার এবং নতুন পণ্যের ক্রমাগত বিকাশের মাধ্যমে গ্রাহকের আনুগত্য অর্জনকে অগ্রাধিকার দেয়। এখানে উচ্চতর গুণগতমান নিয়ন্ত্রণ প্রক্রিয়া রয়েছে। কোম্পানিটি একচেটিয়া এবং বিশেষ সুবিধাপ্রাপ্ত ক্লায়েন্টদের জন্য একটি বিশেষ বাজার তৈরি করতে এই সুবিধাটি ব্যবহার করতে চায়। কোম্পানিটি জনবলের দক্ষতা এবং মুনাফা বৃদ্ধির লক্ষ্যে বহুজাতিক ও স্বনামধন্য প্রতিষ্ঠানের সাথে কাজ করেছে। প্রিমিয়াফ্লেক্স ২০২১-২২ অর্থবছরে ২১% প্রবৃদ্ধি পেয়েছে।

প্রিমিয়াফ্লেক্স প্লাস্টিকস শুধুমাত্র নমনীয় প্যাকেজিং পণ্যের উৎপাদন এবং বিতরণের উপর দৃষ্টি নিবদ্ধ করে। ইতোমধ্যে প্রতিষ্ঠিত নমনীয় প্যাকেজিং পণ্য লাইনের পাশাপাশি, এটির একটি বৈচিত্র্যময় পোর্টফোলিও রয়েছে যাতে ল্যামিটিউব এবং লেবেল স্টিকার রয়েছে। উপরন্তু, ল্যামিটিউব এবং লেবেল স্টিকারের জন্য নতুন অতিরিক্ত মেশিনারী আসন্ন বছরগুলিতে এই পোর্টফোলিওর ব্যবহার ক্ষমতা বাড়াবে।

গ্রাহক সমৃদ্ধি এবং ক্রমাগত সেবা-সমাধানে অগ্রাধিকার দেয়া হচ্ছে। অসাধারণ মাননিয়ন্ত্রণ ব্যবস্থাকে কাজে লাগিয়ে মানসচেতন ভোক্তার জন্যে একটি প্রিমিয়াম বাজার তৈরি এর লক্ষ্য। যার মাধ্যমে প্রিমিয়াফ্লেক্স নমনীয় প্যাকেজিং শিল্পে কৌশলগত নেতৃত্ব দিতে সক্ষম হবে।

## প্রিমিও প্লাস্টিকস

২০১৮ সালে এসিআই প্রিমিও প্লাস্টিকস এর যাত্রা শুরু। প্রিমিও প্লাস্টিকস এর মধ্যে গৃহস্থালি, আসবাবপত্র এবং খেলনাসহ অন্যান্য পণ্য রয়েছে। প্রিমিও প্লাস্টিকস গত বছরের তুলনায় ৬% মার্কেট দখল করেছে এবং ১০% বৃদ্ধি পেয়েছে। বাজারে অবস্থান গ্রহণ ও নতুন পণ্য নিয়ে আসার মাধ্যমে ব্যবসা প্রসারিত করেছে। প্লাস্টিক খেলনায় এবং আসবাবপত্রে যথাক্রমে ১৬% এবং ১৩% প্রবৃদ্ধি পেয়েছে। মহামারি পরবর্তী অবস্থায় ডলারের বিনিময় হার ক্রমবর্ধমানহারে বৃদ্ধি পাওয়ায় আন্তর্জাতিক বাজারে কাঁচামালের দাম খুবই অস্থির ছিল যা অর্থনীতিতে ব্যাপক প্রভাব ফেলেছে।

সমস্ত চ্যালেঞ্জ মোকাবেলা করে ব্যবসাকে সম্প্রসারিত করার জন্য বান্ধ সলসসহ নানা উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ১১% প্রবৃদ্ধিসহ নতুন ২০টি প্রতিষ্ঠানের সাথে চুক্তি করা হয়েছে। এছাড়াও ব্যবসার রাজস্ব বৃদ্ধিতে ভারত ও ভুটানে পণ্য রপ্তানি শুরু করেছে।

তদুপরি, পরিবর্তিত জীবনধারা এবং সক্ষমতার কারণে প্রিমিয়াম প্লাস্টিকের পণ্য এবং খেলনার চাহিদা বেড়েছে। ব্যবসাটি পরিবর্তনশীল বাজারের সাথে তাল মেলাতে পণ্য, সক্ষমতা, জনবল এবং ব্র্যান্ডের মান উন্নয়নে দৃঢ় প্রতিজ্ঞ।

## রিটেইল চেইন ডিভিশন

এসিআই লজিস্টিকস ধারাবাহিক প্রবৃদ্ধিতে রিটেইল শিল্পে নেতৃত্বস্থানীয় অবস্থান বজায় রেখেছে। বর্তমানে ২৫৬টি আউটলেটের মাধ্যমে সেবা প্রদান করছে। এসিআই লজিস্টিকস রিটেইল শিল্পে তার নেতৃত্বের অবস্থানকে আরও শক্তিশালী করতে সক্ষম হয়েছে। ৫০টিরও বেশি নতুন এক্সপ্রেস আউটলেট খোলার মাধ্যমে স্বপ্ন ঢাকার বাইরে তার পদচিহ্ন প্রসারিত করে চলেছে। ৪০টি জেলায় পরিষেবা দিচ্ছে। এটি বাজারের নেতৃত্বকে শক্তিশালী করতে ও অবস্থান বজায় রাখতে সক্ষম হয়েছে এবং আধুনিক বাণিজ্য শিল্পের ৫০% এর বেশি বাজার শেয়ার উপভোগ করছে। প্রতিদিন ৬০,০০০ এরও অধিক গ্রাহককে পরিষেবা প্রদানের মাধ্যমে ইতোমধ্যে একটি গৃহস্থালী ব্র্যান্ড এবং একটি সুপার ব্র্যান্ড হিসাবে নিজেকে প্রতিষ্ঠিত করার পাশাপাশি স্বপ্ন দেশের শীর্ষ ১০টি ব্র্যান্ডের অন্যতম অবস্থান অর্জন করেছে।

মহামারি চলাকালীন সময়ে খাদ্য নিরাপত্তাজনিত সচেতনতা বৃদ্ধি পায় এবং লোকজন খাদ্য এবং বাজার সম্পর্কে উদ্বিগ্ন হয়ে ওঠে। স্বপ্ন দক্ষিণ-পূর্ব এশিয়ার প্রথম রিটেইল বিক্রেতা হিসেবে Global G.A.P সার্টিফিকেশন পেয়েছে। ৭ টি প্রত্যয়িত ফসল এবং ৫০ জন কৃষক যশোরে ২টি সাইটসহ ৯.৫ হেক্টর এলাকা জুড়ে চাষ করছে। ব্যাকওয়ার্ড লিঙ্কেজ উন্নত করার জন্য, এসিআই লজিস্টিকস কন্টাক্ট ফার্মিং-এ উদ্যোগী হয় এবং মুরগির সফল কন্টাক্ট ফার্মিং পাইলটিং করার পর, এটি এখন স্কেল আপ পর্যায়ে রয়েছে। স্বপ্ন মাল্টিপ্লের মাধ্যমে সারাদেশে উৎপাদক এবং কৃষকদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ চালিয়ে যাচ্ছে। এটি

ফসলের গুণগত মান উন্নত করার জন্য কৃষকদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করছে এবং SDC-এর মাধ্যমে ১০০০ এর বেশি কৃষকের সাথে সংযুক্ত রয়েছে যা USAID এর ফিড দ্য ফিউচার প্রোগ্রামের আওতাধীন।

স্বপ্ন তার বিস্তৃত সম্ভার বিশ্ব জুড়ে প্রসারিত করেছে। স্বপ্ন এক্সপোর্ট, একটি নতুন উদ্যোগ, যা এশিয়া, মধ্যপ্রাচ্য এবং ইউরোপের গন্তব্যে তাজা সবজি, ফল, মশলা এবং অনেক প্যাকেটজাত খাদ্য সামগ্রী রপ্তানি করছে। এখন পর্যন্ত হংকং, দুবাই এবং সুইডেনে মোট ৭ টি চালান সফলভাবে পাঠানো হয়েছে।

গত অর্ধবছরে, মহামারি চলাকালীন সময় অন্যান্য ইকমার্স অংশীদারদের মাধ্যমে স্বপ্ন অধিক বিক্রয়ে সমর্থ হয়েছে। যাহোক, মানুষের দৈনন্দিন জীবনে COVID-19 এর প্রভাব হ্রাস পাওয়ার পাশাপাশি এই ব্যবসায়ের অংশীদারদের অনুপস্থিতি সত্ত্বেও, স্বপ্ন ব্যবসা সম্প্রসারণের ধারা অব্যাহত রেখেছে। বিশেষ করে অতিরিক্ত ৫০টি ফ্র্যাঞ্চাইজি এবং ৫টি নিজস্ব স্টোর বাড়ানোর মাধ্যমে একটি সফল বছর শেষ করেছে।

বাংলাদেশ ব্র্যান্ড ফোরাম হতে স্বপ্ন পরপর ৩য় বারের মত ১ নম্বর সুপারস্টোর ব্র্যান্ড এবং সামগ্রিকভাবে ৮ নম্বর ব্র্যান্ড ২০২১ পুরস্কার পেয়েছে। লক্ষ লক্ষ গ্রাহকের মন জয় করার পাশাপাশি নিরাপদ এবং খাঁটি পণ্যের গন্তব্য হিসাবে নিজের অবস্থান নিশ্চিত করার মাধ্যমে স্বপ্ন এই কৃতিত্ব ও স্বীকৃতি অর্জন করেছে।

## জয়েন্ট ভেঞ্চার ও এসোসিয়েট

### এসিআই গোদরেজ অ্যাসোসিয়েট প্রাইভেট লিমিটেড

এসিআই গোদরেজ অ্যাসোসিয়েট প্রাইভেট লিমিটেড (এসিআই-জিএপিএল) হল এডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড, বাংলাদেশ এবং গোদরেজ অ্যাসোসিয়েট লিমিটেড, ভারতের একটি সমঅংশীদারী যৌথ উদ্যোগ। এসিআই গোদরেজ বিভিন্ন অধরনের পশুখাদ্য (পোল্ট্রি, অ্যাকুয়া এবং ক্যাটল ফিড) তৈরি এবং বিক্রির পাশাপাশি একদিন বয়সী মুরগীর বাচ্চা উৎপাদন করে। এর উদ্ভাবনী পণ্যগুলি "নাদির গোদরেজ সেন্টার ফর অ্যানিমাল রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট"-এ বিকশিত হয়। টেকসই পদ্ধতিতে হাঁস-মুরগি, মৎস্য ও গবাদি পশু চাষের ক্ষেত্রে উন্নত গবাদি পশুর জাত উদ্ভাবনের জন্য অনেক বৈজ্ঞানিক ফিল্ড ট্রায়ালের মাধ্যমে পরীক্ষা করা হয়।

এ অর্ধবছরে কোম্পানির বিক্রয় ৩১% বৃদ্ধি পেয়েছে। এটি বাংলাদেশের ২য় বৃহত্তম ফিড বিক্রয়কারী কোম্পানি। কোম্পানিটি নারায়ণগঞ্জে ৯০,০০০ মেট্রিক টন উৎপাদন ক্ষমতা সম্পন্ন একটি দীর্ঘ ফিড মিল লীজ নিয়েছে। ব্যবসাটি সিরাজগঞ্জ ফিড মিল-এ গবাদি পশুর খাদ্যের জন্য "রিভার প্রজেক্ট" নামে একটি গবেষণা কেন্দ্র স্থাপন করছে, যা খরচ কমাতে এবং দুধের ফলন বাড়াতে সাহায্য করবে।

### টেলি এসিআই (বাংলাদেশ) লিমিটেড

টেলি এসিআই (বাংলাদেশ) লিমিটেড কোভিড-১৯ এর কারণে বিক্রিতে মন্থর পরিস্থিতির সম্মুখীন হয়েছে। যদিও সাশ্রয়ী ব্র্যান্ড 'সুলভ' HTS সেগমেন্টের প্রান্তিক ভোক্তাদের জন্য চালু করা হয়েছিল, যা দামের সংবেদনশীলতার কারণে অন্যান্য বিভাগের তুলনায় ভালো করতে সক্ষম হয়েছে। কাঁচামালের মূল্যবৃদ্ধি এবং ভোক্তাদের মূল্য সংবেদনশীলতার কারণে গত বছরের তুলনায় প্রবৃদ্ধি ১৯% হ্রাস পেয়েছে।

ব্যবসায় স্থিতিশীলতা আনতে ও কাম্য ব্যবসা নিশ্চিত করতে A&P খরচে উল্লেখযোগ্য নিয়ন্ত্রণ আনা হয়েছে। লোকসান কমাতে অন্যান্য খরচও নিয়ন্ত্রণ করা হয়েছে।

আসন্ন বছরগুলিতে ভালো SKU ব্যবস্থাপনা এবং সংগ্রহে উচ্চ দক্ষতার মাধ্যমে ভালো ফলাফল আশা করা যাচ্ছে।

### এশিয়ান কনজুমার কেয়ার প্রাইভেট লিমিটেড

কোম্পানিটি ডাবর ইন্টারন্যাশনাল লিমিটেড এবং এডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেডের যৌথ উদ্যোগ। কোম্পানিটি ২৬% বৃদ্ধির সাথে ২০২১-২২ আর্থিক বছর সমাপ্ত করেছে। মহামারি চলাকালীন মধু, চুলের যত্ন এবং স্বাস্থ্যবিধি বিভাগের প্রবৃদ্ধি অর্জনে মূল চালিকাশক্তি হিসেবে কাজ করেছে। কোভিড-১৯ সংকটের সময় শক্তিশালী ভ্যালু চেইন নেটওয়ার্ক নিশ্চিত করা, টেকসই বিক্রয়, বিতরণ এবং পণ্য উদ্ভাবন ছিল প্রধান ফোকাস ক্ষেত্র যা কোম্পানিকে হ্যান্ড স্যানিটাইজার এবং হ্যান্ডওয়াশ চালু করতে উদ্বুদ্ধ করেছে।

### এসিআই কো-রো বাংলাদেশ লিমিটেড

এসিআই কো-রো হল বাংলাদেশী এসিআই এবং ডেনিশ ফুট জুস জায়ান্ট কোরো এ/এস এর মধ্যে একটি যৌথ উদ্যোগ। এটি কোভিড-১৯ এর কারণে ক্ষতির সম্মুখীন হয়েছে। তবে কারখানা নির্মাণ, যন্ত্রপাতি বসানো, গ্যাস ও বিদ্যুৎ সংযোগ সম্পন্ন হয়েছে। বর্তমানে কমিশনিং হচ্ছে এবং ২০২২ সালের শেষের দিকে বাণিজ্যিক উৎপাদন শুরু করার পরিকল্পনা করা হয়েছে। ২০২২ সালের গ্রীষ্মে সানকুইক কনসেনট্রেন্ট বাজারজাত করা হবে।

## আর্থিক ফলাফল - এসিআই লিমিটেড

৩০শে জুন ২০২২ তারিখে সমাপ্ত অর্থ বছরে এসিআই লিমিটেডের মোট বিক্রয় ছিল ২৮,৪২৭ মিলিয়ন টাকা যা পূর্ববর্তী অর্থ বছরে ২৫,৭৩০ মিলিয়ন টাকা ছিল। চলতি বছরে এস মুনাফার হার হয়েছে ৪১.৩৮% যা পূর্ববর্তী অর্থ বছরে ৪৪.২০% ছিল। আন্তর্জাতিক বাজারে পণ্যের মূল্য বেড়ে যাওয়ায় এবং স্থানীয় মদ্যার বিপরীতে ইউএস ডলার শক্তিশালী হওয়ায় পণ্যের ব্যয় বেড়েছে যা এস মুনাফার হারকে প্রভাবিত করেছে। এছাড়া তুলনামূলক নিম্ন মার্জিন সম্পন্ন পণ্যের আনুপাতিক হারে অধিক বিক্রয়ের কারণেও চলতি বছরে এস মুনাফার হার কিছুটা প্রভাবিত হয়েছে। চলতি বছরে পরিচালন মুনাফা ছিল ৩,৪৩৬ মিলিয়ন টাকা এবং কর পরবর্তী মুনাফা ছিল ২,২৩৮ মিলিয়ন টাকা যার ফলে শেয়ার প্রতি আয় (ইপিএস) হয়েছে ৩০.৮৩ টাকা।

## এক নজরে মুখ্য পরিচালনগত ও আর্থিক তথ্য

২০২১-২২ অর্থ বছর ও পূর্ববর্তী পাঁচ বছরের মুখ্য পরিচালনগত ও আর্থিক তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হলো:

অনুপাত এবং শতাংশ ব্যতিত অন্যান্য সংখ্যা মিলিয়ন টাকায়

বিবরণ	জুলাই ২০২১ - জুন ২০২২	জুলাই ২০২০- জুন ২০২১	জুলাই ২০১৯ - জুন ২০২০	জুলাই ২০১৮ - জুন ২০১৯	জুলাই ২০১৭ - জুন ২০১৮	জুলাই ২০১৬- জুন ২০১৭
নীট টার্নওভার	২৮,৪২৭	২৫,৭৩০	২৩,২০২	২১,৭৯৬	২১,৩৮৭	১৮,৩০৬
এস মুনাফা	১১,৭৬৩	১১,৩৭২	১০,৭০৫	৯,৮৮৬	৯,২৪২	৮,১৯৬
কর পূর্ববর্তী মুনাফা	২,৯৪৮	৩,০৮৭	২,৩৪৭	৯০০	১,৬৫৮	১,৬৭৪
কর পরবর্তী মুনাফা	২,২৩৮	২,২৮৮	১,৭১৯	৫৩১	১,৩১৭	১,২৪৪
শেয়ার প্রতি আয় (টাকা)	৩০.৮৩	৩১.৫২	২৭.২৪	৯.২৬	২৬.৪১	২৫.৮০
ইস্যুকৃত ও পরিশোধিত মূলধন	৭২৬	৬৩১	৫৭৪	৪৯৯	৪৮২	৪৩৮
শেয়ার মালিকদের ইকুইটি	২০,৬৬৯	১৮,৮৯৩	১৫,৪২১	১৪,৩২২	১৪,২৫৬	১২,৯৯২
শেয়ার প্রতি নীট সম্পদ (টাকা)	২৮৪.৭৯	২৬০.৩২	২৪৪.৩৫	২৪৯.৬৪	২৪৮.৪৮	২৬৯.৫৪
শেয়ার প্রতি নীট অপারেটিং ক্যাশ ফ্লো (NOCFPS)	২৫.৭৯	১৭.৭৮	৭১.১৮	২৫.৪৪	০.২৭	(১৭.৭৫)
কর্মচারীর সংখ্যা	১০,২৩৩	৯,৩৮০	৮,৩৬৪	৯,১৪৭	৯,০৫৩	৮,৩৬৪
জাতীয় কোষাগারে মোট অবদান	৫,০৮৭	৪,৮২৯	৪,৩১৮	৩,৭৭০	৩,৬২৫	৩,৩০২

**মুনাফা বন্টনঃ** কোম্পানির আর্থিক ফলাফল ও ফ্রি রিজার্ভ বিবেচনা করে এবং ধারাবাহিক লভ্যাংশ নীতির সাথে সঙ্গতি রেখে পরিচালকগণ নীট মুনাফার নিম্নরূপ বন্টন সুপারিশ করেছেন:

বিবরণ	২০২১-২০২২	২০২০-২০২১
অবন্টিত মুনাফা	১২,১৮৮,৭৭২,৮৫০	১০,৪১৬,৯৬৯,৭০৬
যোগঃ কর পরবর্তী মুনাফা	২,২৩৭,৮৬২,৬২৯	২,২৮৭,৭৮৩,১৩৯
যোগঃ অন্যান্য কম্পিহেন্সিভ আয়	-	(১১,০৯৮,০০০)
সর্বমোট বন্টনযোগ্য মুনাফা	১৪,৪২৬,৬৩৫,৪৭৯	১২,৬৯৬,৬৫৪,৮৪৫
<b>মুনাফা বন্টনঃ</b>		
অন্তর্বর্তীকালীন লভ্যাংশ:		
নগদ লভ্যাংশ	-	-
প্রস্তাবিত চূড়ান্ত লভ্যাংশ:		
নগদ লভ্যাংশ	৩৬২,৮৮৩,৯৩৫	৪১০,২১৬,৬২৫
স্টক লভ্যাংশ	৩৬,২৮৮,৩৯০	৯৪,৬৬৫,৩৭০
বিয়োগঃ সর্বমোট লভ্যাংশ	৩৯৯,১৭২,৩২৫	৫০৪,৮৮১,৯৯৫
অবন্টিত মুনাফার জের স্থিতি	১৪,০২৭,৪৬৩,১৫৪	১২,১৮৮,৭৭২,৮৫০

পরিচালকগণ আত্মবিশ্বাসী যে অবন্টিত মুনাফার জের স্থিতিকে ভবিষ্যতে বিনিয়োগ করে কোম্পানি আগামী বছরগুলিতে বিচক্ষণ লভ্যাংশ নীতি বজায় রাখতে সক্ষম হবে।

## লভ্যাংশ

পরিচালনা পর্ষদ ৩০ জুন ২০২২ তারিখে সমাপ্ত অর্থ বছরের জন্য নগদ লভ্যাংশ @ ৫০% অর্থাৎ শেয়ার প্রতি ৫.০ টাকা এবং ৫% স্টক লভ্যাংশের সুপারিশ করেছেন। যে সমস্ত শেয়ার মালিকদের নাম কোম্পানির সদস্যদের শেয়ার রেজিস্টারে বা CDPL-এর ডিপোজিটরি তালিকায় রেকর্ড তারিখে (যা বৃহস্পতিবার, ১৭ নভেম্বর ২০২২) থাকবে তাদের জন্য এই লভ্যাংশ প্রযোজ্য হবে। আলোচ্য অর্থ বছরে কোনও অন্তর্বর্তী লভ্যাংশ ঘোষণা করা হয়নি।

## জাতীয় কোষাগারে অবদান

৩০ জুন ২০২২ তারিখে সমাপ্ত অর্থ বছরে, কোম্পানি কর্পোরেট ট্যাক্স, শুল্ক এবং মূল্য সংযোজন কর (ভ্যাট) খাতে জাতীয় কোষাগারে ৫,০৮৭ মিলিয়ন টাকা অবদান রেখেছে। এটি ৩০ জুন ২০২২ তারিখে সমাপ্ত অর্থ বছরের জন্য কোম্পানির নিট বিক্রয় আয়ের ১৭.৯০ শতাংশের সমতুল্য।

## বিক্রিত পণ্যের ব্যয় ও মুনাফার হার

৩০ জুন ২০২২ তারিখে সমাপ্ত অর্থ বছরে বিক্রিত পণ্যের ব্যয় ছিল ১৬,৬৬৪ মিলিয়ন টাকা যা পূর্ববর্তী বছরে ১৪,৩৫৮ মিলিয়ন টাকা ছিল। সামগ্রিকভাবে, কোম্পানি ৩০ জুন ২০২২ তারিখে সমাপ্ত অর্থ বছরে ৪১.৩৮% (টাকা ১১,৭৬৩ মিলিয়ন) গ্রুপ প্রফিট মার্জিন করতে সক্ষম হয়েছে যা আগের বছরে ছিল ৪৪.২০% (টাকা ১১,৩৭২ মিলিয়ন)। আন্তর্জাতিক বাজারে পণ্যের মূল্য বেড়ে যাওয়া, স্থানীয় মদ্যার বিপরীতে ইউএস ডলার শক্তিশালী হওয়া, এবং তুলনামূলক নিম্ন মার্জিন সম্পন্ন পণ্যের আনুপাতিক হারে অধিক বিক্রয়ের কারণে চলতি বছরে এস মুনাফার কিছুটা প্রভাবিত হয়েছে। ফলে, আলোচ্য অর্থ বছরে কর পরবর্তী মুনাফার হার ৭.৮৭% ছিল যা পূর্ববর্তী বছরে ছিল ৮.৮৯%।

## আর্থিক ফলাফল- এসিআই গ্রুপ

৩০ জুন ২০২২ তারিখে সমাপ্ত অর্থ বছরে কনসলিডেটেড বিক্রয় ছিল ৯৬,৫৭২ মিলিয়ন টাকা যা তুলনামূলক পূর্ববর্তী বছরে ৮০,৭৪৮ মিলিয়ন টাকা ছিল। অন্যদিকে, আন্তর্জাতিক বাজারে পণ্যের মূল্য বেড়ে যাওয়া, স্থানীয় মদ্যার বিপরীতে ইউএস ডলার শক্তিশালী হওয়া, এবং তুলনামূলক নিম্ন মার্জিন সম্পন্ন পণ্যের আনুপাতিক হারে অধিক বিক্রয়ের কারণে এস মুনাফার হার পূর্ববর্তী বছরের ২৬.৮৯% থেকে কমে চলতি বছরে ২৪.৭০% হয়েছে।

চলতি বছরে কনসলিডেটেড পরিচালন মুনাফা ছিল ৬,৪৩৪ মিলিয়ন টাকা এবং কর পরবর্তী মুনাফা কোম্পানির ইকুইটি হোল্ডারদের অংশ ছিল ৩৮০ মিলিয়ন টাকা যার ফলে চলতি বছরে শেয়ার প্রতি কনসলিডেট আয় হয়েছে ৫.২৩ টাকা।

## জাতীয় কোষাগারে অবদান

৩০ জুন ২০২২ তারিখে সমাপ্ত অর্থ বছরে, এসিআই গ্রুপ কর্পোরেট ট্যাক্স, শুল্ক এবং মূল্য সংযোজন কর (ভ্যাট) খাতে জাতীয় কোষাগারে ১৪,৮৪৫ মিলিয়ন টাকা অবদান রেখেছে।

## সম্পর্কিত পক্ষের সাথে লেনদেন

সম্পর্কিত পক্ষের সাথে সমস্ত লেনদেন বাণিজ্যিক কারণে এবং "আইস লেংথ লেনদেন" এর নীতি মেনে করা হয়। সম্পর্কিত পক্ষের সাথে লেনদেনের বিশদ বিবরণ আর্থিক বিবরণীর নোট - ৪৩-এ প্রকাশ করা হয়েছে।

## বার্ষিক আর্থিক বিবরণীতে উল্লেখযোগ্য পার্থক্যসমূহ

সামষ্টিক অর্থনীতিতে প্রতিকূল পরিস্থিতি সত্ত্বেও, গ্রুপ পর্যায়ে, এসিআই উল্লিখিত আর্থিক বছরে পব্ধি অর্জন করেছে যা কনসলিডেটেড লাভ বা ক্ষতি হিসাবে প্রতিফলিত হয়েছে। ২০২১-২২ অর্থবছরে ৯৬,৫৭২ মিলিয়ন টাকার কনসলিডেটেড বিক্রয় এর মাধ্যমে পূর্ববর্তী বছরের ৮০,৭৪৮ মিলিয়ন টাকার বিপরীতে দ্বি-অঙ্কের প্রবৃদ্ধির অর্জিত হয়েছে যা মুনাফার প্রবৃদ্ধিতে অবদান রেখেছে। উল্লিখিত আর্থিক বছরে, আন্তর্জাতিক বাজারে পণ্যের মূল্য বেড়ে যাওয়া, স্থানীয় মুদ্রার বিপরীতে ইউএস ডলার শক্তিশালী হওয়া, এবং তুলনামূলক নিম্ন মার্জিন সম্পন্ন পণ্যের আনুপাতিক হারে অধিক বিক্রয়ের কারণে কনসলিডেটেড গ্রুপ মার্জিন কিছুটা প্রভাবিত হয়েছে। তবে, সামগ্রিকভাবে, কনসলিডেটেড মোট মুনাফার বৃদ্ধি অপারেটিং খরচের বৃদ্ধির তুলনায় বেশি ছিল যা কনসলিডেটেড মুনাফা এবং শেয়ার প্রতি আয়ের বৃদ্ধিতে অবদান রেখেছে। অন্যদিকে, আলোচ্য অর্থ বছরে ক্যাশ কালেকশান ভালো হওয়ায় শেয়ার প্রতি কনসলিডেটেড নেট অপারেটিং ক্যাশ ফ্লো (NOCFPS) বৃদ্ধি পেয়েছে।

## আর্থিক বিবরণীর কনসলিডেশন

এডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেডের ১৫টি সাবসিডিয়ারী কোম্পানি রয়েছে। কোম্পানী আইন-১৯৯৪, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন গাইডলাইনস ও বাংলাদেশে প্রবর্তিত ইন্টারন্যাশনাল গ্র্যাকুউলিটিং স্ট্যান্ডার্ডস বা আইএফআরএস অনুসারে সকল সাবসিডিয়ারী কোম্পানীর আর্থিক বিবরণী সমূহ এসিআই লিমিটেড এর আর্থিক বিবরণীর সঙ্গে একত্রিকরণ করা হয়েছে। এছাড়াও সাবসিডিয়ারী কোম্পানীগুলোর নিরীক্ষিত আর্থিক বিবরণী সমূহ নিরীক্ষা প্রতিবেদন ও পরিচালক মন্ডলীর প্রতিবেদনসহ আলাদাভাবে বার্ষিক প্রতিবেদনের নির্ধারিত স্থানে উপস্থাপন করা হয়েছে।

## সেগমেন্ট অনুযায়ী রিপোর্টিং

আর্থিক বিবরণীর নোট-৭ (II) এ সেগমেন্ট অনুযায়ী ফলাফল পর্যালোচনা করা হয়েছে। ব্যবসা সংশ্লিষ্ট ঝুঁকি কোম্পানী নিজ ব্যবসা সংশ্লিষ্ট ঝুঁকি সম্পর্কে সচেতন এবং সেগুলোকে নিয়মানুগ পদ্ধতির মাধ্যমে মোকাবেলায় প্রস্তুত। যদিও ব্যবসা বিভিন্ন ঝুঁকি এবং অনিশ্চয়তার দ্বারা প্রভাবিত হতে পারে যার পূর্ব ধারণা করা কঠিন। আর্থিক বিবরণীর নোট-৩৮ এ আর্থিক ঝুঁকি ব্যবস্থাপনা বর্ণিত হয়েছে।

ভবিষ্যৎঃ আগামীতে বৈশ্বিক মহামারির অনিশ্চয়তায় এসিআইকে ব্যবসায়িক কৌশলের ক্ষেত্রে বৈশ্বিক বাস্তবতাকে বিবেচনায় নিয়ে এগোতে হবে। অস্বাভাবিক লাভ বা ক্ষতি International Financial Reporting Standards (IFRSs) অনুসারে কোন অস্বাভাবিক লাভ বা ক্ষতি রিপোর্টিং পিরিয়ডে বিদ্যমান নেই।

## পাবলিক ইস্যু তহবিলের ব্যবহার

রিপোর্টিং পিরিয়ডে কোন আইপিও, রাইট ইস্যু বা অন্য কোন ধরনের ক্যাপিটাল ইস্যু নেই। কোম্পানীর আর্থিক ফলাফল ক্রমবর্ধমান যা বার্ষিক আর্থিক বিবরণীতে প্রতিফলিত হয়েছে।

## আর্থিক বিবরণী প্রস্তুতকরণ ও যথার্থ প্রদর্শন

কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত আর্থিক বিবরণীতে কোম্পানির স্থিতি, পরিচালন ফলাফল, অর্থ প্রবাহ এবং ইকুইটি পরিবর্তনের একটি সত্য ও স্বচ্ছ চিত্র তুলে ধরা হয়েছে।

## হিসাবের বই রক্ষণাবেক্ষন

কোম্পানির হিসাবের বই কোম্পানী আইন-১৯৯৪ বিধি মোতাবেক রক্ষণাবেক্ষন করা হয়েছে।

## আর্থিক হিসাবনীতি

আর্থিক বিবরণী প্রস্তুতকরণের ক্ষেত্রে যথাযথ হিসাবনীতি ধারাবাহিকভাবে অনুসরণ করা হয়েছে এবং হিসাবের ভিত্তি যুক্তিসঙ্গত ও সঠিক।

## আর্থিক বিবরণী প্রস্তুতকরণে IAS ও IFRS এর প্রভাব

আর্থিক বিবরণী প্রস্তুতকরণের ক্ষেত্রে 'International Accounting Standards (IASs)' ও 'International Financial Reporting Standards (IFRSs)' অনুসরণ করা হয়েছে।

## অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ

কোম্পানির সার্বিক কার্যক্ষমতা, আর্থিক প্রতিবেদনের নির্ভরযোগ্যতা এবং সুশাসন প্রতিষ্ঠাকে বিবেচনায় রেখে এসিআই এর অভ্যন্তরীণ নীতিমালা প্রণীত হয়েছে। তদনুসারে, কোম্পানীর পরিচালনা পর্ষদের মতে, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা কার্যকর এবং তা সঠিকভাবে নিরীক্ষণ করা হয়েছে।

## CEO এবং CFO এর প্রত্যয়নপত্র

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর কর্পোরেট গভর্নেন্স কোড অনুযায়ী Chief Executive Officer (CEO) এবং Chief Financial Officer (CFO) কর্তৃক বোর্ডকে প্রদত্ত প্রত্যয়নপত্র বার্ষিক প্রতিবেদনের Annexure - IV এ অন্তর্ভুক্ত করা হয়েছে।

## পরিচালনগত আলোচনা ও বিশ্লেষণ

কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক স্বাক্ষরিত “পরিচালনগত আলোচনা ও বিশ্লেষণ” রিপোর্টের Annexure - III এ অন্তর্ভুক্ত করা হয়েছে, যেখানে কোম্পানির আর্থিক বিবরণী সংশ্লিষ্ট পরিচালনগত বিশদ বিশ্লেষণ, আর্থিক অবস্থা, ফলাফল, ঝুঁকি ও উদ্বেগ, হিসাবনীতি ও অনুমানসহ অন্যান্য বিষয় আলোচিত হয়েছে।

## পরিচালনা পর্ষদ

কোম্পানির পরিচালনা পর্ষদ দুইজন স্বতন্ত্র পরিচালকসহ নয়জন সদস্যের সমন্বয়ে গঠিত। বোর্ডের অধিকাংশ সদস্য অনির্বাহী। পরিচালকদের তালিকা এবং বিবরণ এই রিপোর্টের ‘পরিচালক প্রোফাইল’ এ অন্তর্ভুক্ত করা হয়েছে।

## পরিচালক নির্বাচন

কোম্পানির আর্টিক্যালস অব এসোসিয়েশন এর ১২০ অনুচ্ছেদ অনুযায়ী জনাব আনিস উদ্দিন আহমদ খান, জনাব গোলাম মইন উদ্দিন ও জনাব জুনেদ আহমেদ চৌধুরী আসন্ন বার্ষিক সাধারণ সভায় পর্যায়ক্রমিক ভাবে অবসর গ্রহণ করবেন। পুনঃনির্বাচিত পরিচালকদের তালিকা এবং বিবরণ এই রিপোর্টের ‘পরিচালক প্রোফাইল’ এ অন্তর্ভুক্ত করা হয়েছে। আসন্ন ৪৯তম বার্ষিক সাধারণ সভায় উল্লেখিত সকল পরিচালকগণ পুনঃনির্বাচনের যোগ্য হিসেবে বিবেচিত এবং তারা পুনঃনির্বাচনের জন্য অগ্রাহ প্রকাশ করেছেন। তাদের সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত ও অন্যান্য তথ্যাদি এই রিপোর্টের ‘পরিচালক প্রোফাইল’ এ অন্তর্ভুক্ত করা হয়েছে।

## স্বতন্ত্র পরিচালক

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রবর্তিত কর্পোরেট গভর্নেন্স কোড এর কমপ্লায়েন্স অনুযায়ী বর্তমান পরিচালনা পর্ষদে দুইজন স্বতন্ত্র পরিচালক, জনাব কামরান তানভীরুর রহমান এবং জনাব আদিল হোসেনকে অন্তর্ভুক্ত করা হয়েছে। জনাব কামরান তানভীরুর রহমান অডিট কমিটির চেয়ারম্যান হিসেবেও দায়িত্ব পালন করছেন। বিএসইসির নির্দেশনা অনুযায়ী সমাজের সুযোগ্য ব্যক্তিবর্গ সিনিয়র কর্পোরেট লিডার এবং আমলাদের মধ্য থেকে যোগ্য ব্যক্তিবর্গকে স্বতন্ত্র পরিচালক হিসেবে নির্বাচন করা হয়েছে।

## নমিনেশন ও রেমনারেশন কমিটি

কর্পোরেট গভর্নেন্স কোডের আলোকে কোম্পানির পরিচালনা পর্ষদ তাঁদের ২৪ জানুয়ারী ২০১৯ ইং তারিখে অনুষ্ঠিত সভায় “নমিনেশন ও রেমনারেশন” কমিটি নামে একটি উপ-কমিটি গঠন করে। কমিটির বর্তমান সদস্যরা হলেন নিম্নরূপ:

- জনাব কামরান তানভীরুর রহমান, স্বতন্ত্র পরিচালক, সভাপতি
- জনাব গোলাম মইন উদ্দিন, পরিচালক, সদস্য
- জনাব জুনেদ আহমেদ চৌধুরীকে পরিচালক, সদস্য

মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, কোম্পানী সচিব, কমিটির সচিব হিসাবে দায়িত্ব পালন করছেন। মিসেস নাজমা দৌলার মৃত্যুতে শূণ্য পদে জনাব জুনেদ আহমেদ চৌধুরীকে পর্ষদ ১৭ আগস্ট ২০২১ তারিখে সদস্য হিসাবে নিয়োগ প্রদান করে। কমিটির টার্মস অফ রেফারেন্স (টিওআর) ও পলিসি পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত হয়েছে। এনআরসি’র (টিওআর) ও পলিসিতে রয়েছে, নির্বাহী পরিচালকদের সম্মানীভাৱে নির্ধারণ নীতি প্রণয়ন, পরিচালকদের সম্মানী প্রদানের ব্যাপারে অনুমোদন/সুপারিশ, কোম্পানীর কর্মকর্তাদের পারিশ্রমিক পর্যালোচনা ও অনুমোদন, স্বতন্ত্র পরিচালক ও

পরিচালনা পর্ষদের মূল্যায়নের মানদণ্ড নির্ধারণ, পরিচালক ও সিনিয়র ম্যানেজমেন্টে নিয়োগ পাওয়ার মত ব্যক্তিদের নির্বাচন ও নিয়োগের কিংবা অপসারণের জন্য সুপারিশ করা এবং পরিচালনা পর্ষদ থেকে বিভিন্ন সময়ে যে দায়িত্ব বা ক্ষমতা প্রদান করা হয় তার আলোকে কার্য সম্পাদন করা। ২০২১-২২ ইং অর্থবছরে এনআরসি ১২ আগস্ট ২০২১, ৯ নভেম্বর ২০২১ এবং ২৪ জানুয়ারী ২০২২ তারিখে তিনটি সভা পরিচালনা করে।

### পরিচালনা পর্ষদের সভা এবং উপস্থিতি

২০২১-২২ অর্থবছরে পরিচালনা পর্ষদের মোট ৫টি সভা অনুষ্ঠিত হয়েছে। পরিচালকগণের উপস্থিতি সারাংশ Annexure - I এ দেখানো হয়েছে।

### পরিচালকদের সম্মানী ভাতা

২০২১-২২ অর্থবছরে কোম্পানীর মিটিং এ উপস্থিতি ফি হিসাবে মোট ৩৭,৫০০/- টাকা প্রদান করা হয়েছে। পরিচালকমণ্ডলীর সম্মানী ভাতা আর্থিক বিবরণীর নোট - ৩৩ এবং ৪৩ এ উল্লেখ করা হয়েছে।

### শেয়ার হোল্ডিং প্যাটার্ন

৩০ শে জুন ২০২২ ইং তারিখে কোম্পানীর শেয়ার হোল্ডিং প্যাটার্ন Annexure - II এ দেখানো হয়েছে।

### ক্ষুদ্র বিনিয়োগকারীদের স্বার্থরক্ষা

পরিচালনা পর্ষদ এই মর্মে নিশ্চিত যে, কোম্পানি কর্পোরেট গভার্নেন্স কোড ও তার নিজস্ব আইনানুগ কার্যসীমার মধ্যে পরিচালিত একটি সত্ত্বা এবং কোম্পানির ক্ষুদ্র বিনিয়োগকারীগণ কন্ট্রোলিং শেয়ারহোল্ডারগণের যেকোন প্রত্যক্ষ ও পরোক্ষ ক্ষতিকর কার্যকলাপ থেকে সুরক্ষিত। তদুপরি, যেকোন অনাকাঙ্খিত ঘটনার জন্য যথাযথ প্রতিকারের ব্যবস্থা কোম্পানীতে রয়েছে।

### অডিটরদের নিয়োগ

কোম্পানির বর্তমান অডিটর মেসার্স এ ওহাব এন্ড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস, তাদের ২০২২ সালের ৩০শে জুন তারিখের সমাপ্ত আর্থিক বছরের নিরীক্ষা সম্পন্ন করার পর আসন্ন বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহণ করবেন। বিএসইসির প্রজ্ঞাপন মোতাবেক তারা পুনঃনিয়োগের যোগ্য হিসেবে বিবেচিত। এ ওহাব এন্ড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস পূর্ববর্তী বছরের ন্যায় ১২,৫০,০০০/- টাকা (মূল্য সংযোজন কর ব্যতিরেকে) সম্মানীর বিনিময়ে ২০২২-২০২৩ অর্থ বছরের নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে নিয়োগ প্রাপ্ত হতে অগ্রহ প্রকাশ করেছে। এ লক্ষ্যে, কোম্পানির পরিচালনা পর্ষদ শেয়ারহোল্ডারদের নিকট তাদের নিয়োগের জন্য সুপারিশ করেন।

### কর্পোরেট গভার্নেন্স কমপ্লায়েন্স স্ট্যাটাস

এসিআই ভোক্তা সাধারণের জীবনযাত্রার গুণগতমান উন্নয়ন, ভোক্তা অধিকার সংরক্ষণ, উদ্ভাবন, স্বচ্ছতা, জবাবদিহিতা ও ক্রমাগত উন্নতির মধ্য দিয়েই ব্যবসার প্রসার ঘটানোর সম্ভব বলে বিশ্বাস করে। এর রয়েছে দেশের সর্ববৃহৎ একীভূত বহুমাত্রিক ঐতিহ্যসমৃদ্ধ ব্যবসায়িক সংস্কৃতি। জন্মলগ্ন ধরে এসিআইতে কর্পোরেট গভার্নেন্স এর অনুশীলন বিরাজমান। পরিচালনা পর্ষদ ও ব্যবস্থাপকগণ কোম্পানীতে কর্পোরেট গভার্নেন্স অনুশীলনে সর্বোচ্চ নৈতিকতা ও মান বজায় রাখার মাধ্যমে শেয়ারহোল্ডার ও অংশীদারদের স্বার্থ রক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ। আমরা অত্যন্ত আনন্দের সাথে আপনাদের এই মর্মে নিশ্চিত করছি যে, কোম্পানী বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড একচেঞ্জ কমিশন এর নোটিফিকেশন অনুযায়ী সমস্ত প্রয়োজনীয় দিকনির্দেশনা পালন করেছে। এই অনুসারে, ৩০ শে জুন ২০২২ সালের সমাপ্ত অর্থবছরের জন্য মন্তব্যসহ কমপ্লায়েন্স রিপোর্ট কোম্পানীর পরিচালকমণ্ডলীর প্রতিবেদনের Annexure - V এ অন্তর্ভুক্ত করা হয়েছে। এ ছাড়াও কর্পোরেট গভার্নেন্স কোড অনুযায়ী আল-মুক্তাদীর এ্যাসোসিয়েটস, চার্টার্ড সেক্রেটারীজ, কর্তৃক প্রত্যাগিত কমপ্লায়েন্স সার্টিফিকেট এই প্রতিবেদনের Annexure - VI এ অন্তর্ভুক্ত করা হয়েছে।

পরিচালকমণ্ডলীর পক্ষে



ড. আরিফ দৌলা  
ব্যবস্থাপনা পরিচালক

ঢাকা, ২৬ অক্টোবর ২০২২

### চলমান প্রতিষ্ঠান

পরিচালনা পর্ষদ বিশ্বাস করে যে, এসিআই লিমিটেড একটি চলমান প্রতিষ্ঠান হিসাবে পরিচালিত। তারা পর্যাপ্ত অনুসন্ধান এবং বিশ্লেষণের মাধ্যমে নিশ্চিত হয়েছে যে, সম্পদ এবং পর্যাপ্ত ব্যবসায়িক সুযোগের মাধ্যমে কোম্পানীকে চলমান প্রতিষ্ঠান হিসেবে বিবেচনা করা যায়, যা নিশ্চিতকরণের জন্য পরিচালকগণ আর্থিক হিসাবপত্র বিশ্লেষণ করেছেন। চলমান প্রতিষ্ঠান নীতির আলোকেই কোম্পানীর আর্থিক বিবরণী সমূহ প্রস্তুত করা হয়েছে।

### কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (CSR)

